

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

নং-০৪.৪২৩.০২২.০২.০৯.০০১.২০১১.৫৮


তারিখ: ০২ জ্যৈষ্ঠ ১৪২৪
১৬ মে ২০১৭

বিষয়: মহামান্য রাষ্ট্রপতির বিদেশ যাত্রা এবং বিদেশ থেকে স্বদেশে প্রত্যাবর্তনকালে অনুসরণীয় রাষ্ট্রাচার।

সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে, মহামান্য রাষ্ট্রপতির সরকারি ও রাষ্ট্রীয় সফরে বিদেশ যাত্রা ও সফর শেষে স্বদেশে প্রত্যাবর্তনকালে নিম্নোক্ত ব্যক্তিবর্গ বিমানবন্দরে উপস্থিত থাকিবেন:

- (১) মন্ত্রিসভার জ্যেষ্ঠতম দুই জন মন্ত্রী;
- (২) মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়;
- (৩) ডিপ্লোমেটিক কোরের প্রধান;
- (৪) স্বাগতিক দেশ/দেশসমূহের মিশন প্রধান;
- (৫) মন্ত্রিপরিষদ সচিব; মুখ্য সচিব; সেনাবাহিনী প্রধান, নৌবাহিনী প্রধান ও বিমান বাহিনী প্রধান;
- (৬) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
- (৭) সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
- (৮) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়;
- (৯) রাষ্ট্রপতির সচিব ও রাষ্ট্রপতির সামরিক সচিব;
- (১০) মহা পুলিশ পরিদর্শক;
- (১১) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর;
- (১২) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর; এবং
- (১৩) রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়।

০২। উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের ১০ এপ্রিল ২০১১ তারিখের ০৪.৪২৩.০২২.০২.০৯.০০১.২০১১.৩৫ নম্বর স্মারকে জারিকৃত নির্দেশাবলি এতদ্বারা বাতিল করা হইল।


(মোঃ আবদুল ওয়াদুদ)
অতিরিক্ত সচিব

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সেনাবাহিনী প্রধান, নৌবাহিনী প্রধান ও বিমান বাহিনী প্রধান।
- ৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
- ৪। মহা পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
- ৫। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর।
- ৬। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর।
- ৭। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৮। রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়।
- ৯। মন্ত্রী, প্রধানমন্ত্রীর উপদেষ্টা এবং প্রতিমন্ত্রিগণের একান্ত সচিব।
- ১০। উপসচিব, সরকার গঠন ও রাষ্ট্রাচার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ১১। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।